গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (খন্ড-১)/ ১৯০ — তারিখ: ৩০.০৪.২০২৫ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১১শ ও আলিম ১ম বর্ষ এবং ২০২৫ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ, ৯ম (বিশেষ ক্ষেত্রে) ও সমমান শ্রেণিতে উপবৃত্তিযোগ্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি ও প্রেরণের সময়সীমা বৃদ্ধি।**

সূত্র: ক) এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (খন্ড-১)/৯৪; তারিখ: ২০.০৪.২০২৫ খ্রি.;

খ) এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (খন্ড-১)/৯৯; তারিখ: ২৪.০৪.২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১১শ ও আলিম ১ম বর্ষ এবং ২০২৫ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ, ৯ম (বিশেষ ক্ষেত্রে) ও সমমান শ্রেণিতে শিক্ষার্থীদের তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি ও উপজেলায় প্রেরণের সময়সীমা যথাক্রমে ৩০.০৪.২০২৫ এবং ০৭.০৫.২০২৫ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিলো।

০২। বিশেষ বিবেচনায় ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১১শ ও আলিম ১ম বর্ষ এবং ২০২৫ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ, ৯ম (বিশেষ ক্ষেত্রে) ও সমমান শ্রেণিতে শিক্ষার্থীদের তথ্য শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় থেকে HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি এবং উপজেলায় প্রেরণ করার সময়সীমা আগামী ১৫.০৫.২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রি এবং প্রেরণ অপশন ১৫.০৫.২০২৫ তারিখ রাত ১২ টায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

০৩। সকল উপজলো/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে উপজেলা/থানায় প্রেরিত তথ্যাদি যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদনের জন্য HSP/PMEAT-তে প্রেরণ করার সময়সীমা ২০.০৫.২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

০৪। হেল্প লাইন নম্বর: অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত (মোবাইল নং- ০১৩১৬৬৫৮২৩০ ও ০১৩১৬৬৫৮৫২৯) ফোন এবং হোয়াটস অ্যাপে মেসেজ পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

৩০/০৪/২৫
(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদশে সচিবালয়, ঢাকা।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদশে সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (পত্রের আলোকে HSP-MIS এ যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এন্ট্রি চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।
০৮। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।